

মাসে জাতিসংঘের উদ্যোগে জোহেপবার্গে অনুষ্ঠিত শীর্ষ সম্মেলন স্থিতিশীল উন্নয়নকে আন্তর্জাতিক এজেন্ডার মূল বিষয় হিসেবে পুনর্ব্যক্ত করে। আবার এ বছরেই এপ্রিল মাসে দ্বিতীয় বিশ্ব প্রবীণ সম্মেলন বয়স্কদের সমস্যাসমূহের প্রতি বিশ্ববাসীর দৃষ্টি নতুন করে নিবদ্ধ করে।

যদিও বাংলাদেশ শান্তিরক্ষা কার্যক্রমে উল্লেখযোগ্য ভূমিকাসহ বিভিন্ন ক্ষেত্রে জাতিসংঘের সঙ্গে ঘনিষ্ঠভাবে কাজ করে যাচ্ছে এবং বিশ্ব সংস্থার প্রতি এর আস্থা অটুট রেখেছে, উন্নয়নের ক্ষেত্রে এর অগ্রগতি এখনো খুবই সীমিত। গত বছর সুষ্ঠু, নিরপেক্ষ ও আন্তর্জাতিকভাবে স্বীকৃত নির্বাচনের মাধ্যমে একটি নতুন সরকার ক্ষমতায় আসার পর থেকে দেশে আইন শৃংখলা রক্ষার কাজেই সরকারকে বেশি ব্যস্ত থাকতে হয়। এই পরিস্থিতিতে বাংলাদেশে উন্নয়ন অংশীদার হিসেবে জাতিসংঘকে আরো তৎপর হওয়া এবং সেই সঙ্গে জাতিসংঘের আদর্শ ও কর্মতৎপরতা সম্পর্কে সচেতন ও বিশ্ব সম্পর্কে দায়িত্ববোধ সৃষ্টির প্রয়াস জোরদার করতে হবে।



জাতিসংঘ

ম্যান্ডেটের আলোকে

তথ্য কেন্দ্রের কার্যক্রম

এহেন প্রেক্ষাপটে জাতিসংঘ সম্পর্কে তথ্য প্রচার ও প্রসারের কাজে নিয়োজিত ঢাকাস্থ ইউনিককে ২০০২ সালে আগের চেয়ে আরো কঠিন চ্যালেঞ্জের সম্মুখীন হতে হয়। এ সময় সীমিত স্টাফ নিয়েই কেন্দ্রটি এর দুরূহ দায়িত্ব পালনের প্রয়াস চালায়। বিশ্বব্যাপী জাতিসংঘের ৭০টিরও বেশি তথ্য নেটওয়ার্কের অংশ হিসেবে তথ্য কেন্দ্রটি ১৯৮১ সালে প্রতিষ্ঠিত হয় এবং সাধারণ পরিষদের ম্যান্ডেট অনুযায়ী এর কার্যক্রম পরিচালিত হয়ে থাকে।